বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
গাজীপুর- ১৭০৫।

বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-২/৪৬৩৪ তারিখ ঃ ২৬-১০-২০১৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে নিম্নেবর্ণিত কর্মচারীদের শূন্য পদসমূহে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ প্রত্যেক পদের নীচে উল্লেখিত বেতন স্কেলে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে লিখিত দরখাস্ত আহবান করা যাইতেছে ঃ

ক্রম	পদের নাম ও বেতনস্কেল	পদের সংখ্যা	ক্রম	পদের নাম ও বেতনস্কেল	পদের সংখ্যা
০১	হিসাব রক্ষক ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১)	০১ টি	০৫	মোড়ক সরবরাহকারী ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	০১ টি
০২	গাড়ী চালক ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫)	০২ টি	০৬	বাস হেলপার ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	০৪ টি
০৩	হেড বাবুর্চি ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫)	০১ টি	০৭	লিফট অপারেটর ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	০১ টি
০৪	লিফট মেকানিক ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০১ টি			

উপরে বর্ণিত পদসমূহে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার শর্তাবলী এবং আবেদন করার নিয়মাবলী সরাসরি অথবা www.bou.edu.bd ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকা মূল্যের ডাক টিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত ৪.৫″×১০″ খাম প্রেরণ পূর্বক রেজিস্ট্রার-এর দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে। আবেদনকারীকে জনতা ব্যাংকের যে কোন শাখা হইতে জনতা ব্যাংক, বাউবি ক্যাম্পাস শাখা, গাজীপুর-এর বরাবরে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ইস্যুকৃত ১০০ (একশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সহিত গাঁথিয়া দিতে হইবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হইবে না।

দরখাস্তের সহিত দাখিলকৃত কোন কিছু ফেরত দেওয়া হইবে না। এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করিতে/ তাঁহার প্রার্থিত পদে নিয়োগ প্রদান করিতে বাধ্য থাকিবেন না।

রেজিস্ট্রার বরাবরে আবেদনপত্র সরাসরি/ডাকযোগে পৌছানোর শেষ তারিখ ১৫-১১-২০১৬। অসম্পূর্ণ এবং উক্ত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের Forwarding Letter সহ নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করিতে হইবে। খামের উপর প্রার্থিত পদের নাম উল্লেখ করিতে হইবে।

২৬/১০/১৬

রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫

বাউবি'র স্নাতক (সম্মান) আইন প্রোগ্রামে ভর্তির আবেদনের তারিখ ৩০-১০-২০১৬ হতে ১৫-১২-২০১৬ পর্যন্ত। বিস্তারিত তথ্যের জন্য বাউবি'র ওয়েব সাইট www.bou.edu.bd দেখুন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
গাজীপুর- ১৭০৫।

বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-২/ ৪৩৭৪ — তারিখ ঃ ২৬-১০-২০১৬

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কর্মচারী নিয়োগের জন্য সংশ্লিষ্ট পদের প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী ঃ

ক্র.ম	পদের নাম	পদের সংখ্যা	বেতনস্কেল	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী
০১	হিসাব রক্ষক	০১ টি	১২৫০০-৩০২৩০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ এর ১১তম গ্রেড অনুযায়ী)	১৮-৩০ বছর	ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। স্নাতকোত্তর ডিগ্রী প্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে এস.এস.সি./এইচ.এস.সি./সমমান পর্যায়ের ন্যূনতম জিপিএ ২.০০ (৫-এর মানে) থাকিতে হইবে। স্নাতক/সমমান-এর ক্ষেত্রে নূন্যতম সিজিপিএ ২.২৫ থাকিতে হইবে। খ) কম্পিউটার পরিচালনায় এমএস. ওয়ার্ড, এমএস. এক্সেল ও অন্যান্য সফটওয়ার সম্পর্কে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
০২	গাড়ী চালক	০২ টি	৯৭০০-২৩৪৯০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ এর ১৫তম গ্রেড অনুযায়ী)	১৮-৩০ বছর	কমপক্ষে অষ্টম শ্রেণী পাস। বৈধ লাইসেন্সসহ গাড়ী চালনায় কমপক্ষে ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীকে ৬/৬ দৃষ্টি শক্তিসহ সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। ট্রাফিক আইন-কানুন সর্ম্পকে সম্যক ধারণা এবং যানবাহন ও লগবই রক্ষণাবেক্ষণে দক্ষতা থাকিতে হইবে।
০৩	হেড বাবুর্চি	০১টি	৯৭০০-২৩৪৯০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ এর ১৫তম গ্রেড অনুযায়ী)	১৮-৩০ বছর	কোন শিক্ষা বোর্ড হইতে এস.এস.সি অথবা সমমান পরীক্ষায় উর্ত্তীণ হইতে হইবে। প্রার্থীকে দেশী ও বিদেশী রান্নার কাজে পারদর্শীতাসহ সংশ্লিষ্ট কাজে ০৭(সাত) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
০৪	লিফট মেকানিক	০১ টি	৯৩০০-২২৪৯০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ এর ১৬তম গ্রেড অনুযায়ী)	১৮-৩০ বছর	কোন শিক্ষা বোর্ড হইতে এস.এস.সি./সমমান পরীক্ষায় দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.০০ পয়েন্ট উত্তীর্ণ হইতে হইবে। সরকার অনুমোদিত কোন ভকেশনাল ইনষ্টিটিউট হইতে লিফট মেকানিক/যান্ত্রিক ট্রেড কোর্সের সনদসহ লিফট মেরামত ও রক্ষনাবেক্ষণ সংক্রান্ত কাজে কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
০৫	মোড়ক সরবরাহকারী	০১ টি	৮২৫০-২০০১০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ এর ২০তম গ্রেড অনুযায়ী)	১৮-৩০ বছর	কমপক্ষে অষ্টম শ্রেণী পাস। অডিও ভিডিও যন্ত্রপাতি পরিষ্কার পরিচ্ছন্ন করা ও সংরক্ষণের কাজে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।
০৬	বাস হেলপার	০৪ টি	৮২৫০-২০০১০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ এর ২০তম গ্রেড অনুযায়ী)	১৮-৩০ বছর	কমপক্ষে অষ্টম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।
০৭	লিফট অপারেটর	০১ টি	৮২৫০-২০০১০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ এর ২০তম গ্রেড অনুযায়ী)	১৮-৩০ বছর	কমপক্ষে অষ্টম শ্রেণী পাসসহ সংশ্লিষ্ট (লিফট পরিচালনা ও রক্ষনাবেক্ষণ) কাজে কমপক্ষে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
গাজীপুর- ১৭০৫।

বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-২/৫৬১৪ তারিখ ঃ ২৬-১০-২০১৬

আবেদনের শর্তসমূহ ঃ

১। আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত সনদপত্রাদির সত্যায়িত অনুলিপি, সত্যায়িত ছবি এবং ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারসহ রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫ এর বরাবর প্রেরণ করিতে হইবে। প্রত্যেক সনদপত্রের অনুলিপি ও প্রার্থীর ছবি প্রথম শ্রেণীর সরকারী গেজেটেড অফিসার বা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর/ অফিসার কর্তৃক সত্যায়িত হইতে হইবে ঃ

ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/ সাময়িক সনদপত্র (মার্কসিট/ টেস্টিমনিয়াল গ্রহণযোগ্য নহে)।

খ) সম্প্রতি তোলা ০২(দুই) কপি পাসপোর্ট আকারের ছবি।

গ) চরিত্রগত সার্টিফিকেট (সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।

ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

ঙ) মুক্তিযোদ্ধা প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত সনদপত্র।

চ) উপজাতীয় সম্প্রদায়ভূক্ত প্রার্থীগণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত সনদপত্র।

ছ) উল্লেখিত পদসমূহে আবেদনকারীকে জনতা ব্যাংকের যে কোন শাখা হইতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনুকূলে, জনতা ব্যাংক, বাউবি ক্যাম্পাস শাখা, গাজীপুর-এর বরাবরে ইস্যুকৃত প্রত্যেক পদের জন্য ১০০/- (একশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সহিত গাঁথিয়া দিতে হইবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হইবে না।

২। বর্ণিত পদের আবেদনকারীদেরকে সাদা কাগজে (১) প্রার্থীর নাম, (২) পিতা/ স্বামীর নাম, (৩) মাতার নাম (৪) স্থায়ী ঠিকানা, (৫) বর্তমান/ যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বর (৬) জন্ম তারিখ, (৭) ১৫-১১-২০১৬ তারিখ পর্যন্ত বর্তমান বয়স, (৮) জাতীয়তা, (৯) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, শ্রেণী/ বিভাগ, পাশের সন, বোর্ড/ বিশ্ববিদ্যালয় ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে), (১০) অভিজ্ঞতা (পূর্ব চাকুরীর পূর্ণ বিবরণ যথা পদের নাম, পদের বেতনক্রম, চাকুরীকাল, দায়িত্ব ও কর্তব্য, নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা এবং কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত থাকিলে অধ্যয়নরত কথাটিও স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে) মূল আবেদনসহ ০৫ (পাঁচ) সেট আবেদনপত্র শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রসহ প্রেরণ করিতে হইবে।

৩। উপরে বর্ণিত সংযোজনীসহ আবেদনপত্র "রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫"এই ঠিকানায় সরাসরি/ ডাকযোগে ১৫-১১-২০১৬ তারিখের মধ্যে অবশ্যই পৌছাইতে হইবে। অসম্পূর্ণ এবং উক্ত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৪। প্রত্যেক প্রার্থীকে তাহার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখিতে হইবে এবং মুক্তিযোদ্ধা প্রার্থীর ক্ষেত্রে খামের উপর "মুক্তিযোদ্ধা" শব্দটিও লিখিতে হইবে।

৫। বিভাগীয়/ চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের Forwarding Letter সহ নির্ধারিত সময়ে আবেদনপত্র প্রেরণ নিশ্চিত করিতে হইবে।

৬। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি অনুযায়ী কোটা অনুসরণ করা হইবে এবং প্রতিবন্ধি কোটা সংরক্ষণ করা হইবে।

৭। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সন্তানদের ৩০% কোটা সংরক্ষণ করা হইবে।

৮। ভূয়া তথ্য সম্বলিত/ ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ দরখাস্ত অথবা সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের পর প্রাপ্ত অথবা নির্ধারিত টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার কিংবা জনতা ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকের দেয় ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারসহ দরখাস্ত বাতিল বলিয়া গন্য হইবে।

৯। দরখাস্তের সহিত দাখিলকৃত কোন কিছুই ফেরত দেওয়া হইবে না।

১০। এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করিতে/ তাহাকে প্রার্থিত পদে নিয়োগ প্রদান করিতে বাধ্য থাকিবেন না।

১১। লিখিত/ সাক্ষাৎকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ ডি.এ. প্রদান করা হইবে না।

বিশেষ দ্রষ্টব্য ঃ

ক) দূরশিক্ষণে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স, অভিজ্ঞতা ও শিক্ষাগত যোগ্যতার (শ্রেণী/ বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য) মধ্যে যে কোন একটি শর্ত শিথিল করা যাইতে পারে।

খ) হিসাব রক্ষক পদের ক্ষেত্রে কম্পিউটার এর অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হইবে।

গ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের শূন্য পদে নিয়োগের জন্য আভ্যন্তরীণ কর্মচারীদের বিভাগীয় প্রার্থী হিসেবে বয়সের সীমা শিথিল যোগ্য রেখে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে কোন একটি শর্ত শিথিল করা যাইতে পারে। তবে অভিজ্ঞতার শর্ত শিথিলের ক্ষেত্রে মোট নির্ধারিত অভিজ্ঞতার এক-চতুর্থাংশ (১/৪) পর্যন্ত শিথিল করা যাইতে পারে। শিক্ষাগত যোগ্যতা শিথিলের ক্ষেত্রে নির্ধারিত নূন্যতম শিক্ষা-পর্যায় ঠিক রেখে শিক্ষাগত যোগ্যতার অন্যান্য শর্তের কোন একটি শর্ত [যেমন স্নাতক (সম্মান-এর স্থলে স্নাতক (পাস) কোর্স অথবা নির্ধারিত শ্রেণী/ বিভাগের স্থলে কেবলমাত্র একটি পর্যায়ে পরবর্তী নিম্নতর শ্রেণী/ বিভাগ] শিথিল করা যাইতে পারে।

ঘ) বিওজির ২৭তম সভার গৃহীত সিদ্ধান্ত নং ০১ মোতাবেক বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল শর্ত কোন প্রার্থী পুরন না করলে তুলনামুলকভাবে উপযুক্ত প্রার্থীর (Candidate Otherwise Suitable) ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা, বয়স এবং অভিজ্ঞতার যে কোন একটি শর্ত শিথিল করা যাইতে পারে।

২৬/১০/১৬

রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৫